



গ্রামীণ কৃষি মৌসম সেবা
ভারত আবহাওয়াবিজ্ঞান বিভাগ
জেলা স্তরের অ্যাগ্রোমেট উপদেষ্টা বুলেটিন
(বিসিকেভি এবংআই এম ডির পক্ষ থেকে মৌথ আমন্ত্রণ)
কৃষি আবহাওয়া উপদেষ্টা বুলেটিন



তারিখ : ৩০-০৪-২০২৪

24-পরাগনা-উত্তর (পশ্চিম বঙ্গ) জেলা ভিত্তিক , আবহাওয়ার পূর্বাভাস -

প্রকাশনার তারিখ : ২০২৪-০৪-৩০

(পরের ৫ দিন সকাল ০৮:৩০ পর্যন্ত বৈধ)

আবহাওয়ার পূর্বাভাস

- * আগামী কয়েকদিন বৃষ্টিহীন থাকার সম্ভাবনা আছে ।
- * আগামী কয়েকদিন আকাশ পরিষ্কার থাকার সম্ভাবনা রয়েছে।
- * আপেক্ষিক আর্দ্রতা সর্বাধিক 85% to 95%. থাকার সম্ভাবনা রয়েছে।
- * সর্বোচ্চ তাপমাত্রা 37.0-39.0 ডিগ্রি সেলসিয়াসের আশে পাশে থাকবে ।
- * সর্বনিম্ন তাপমাত্রা 25.0-27.0 ডিগ্রি সেলসিয়াসের আশে পাশে থাকবে বলে আশা করা হচ্ছে।

সাধারণ পরামর্শ

তাপ প্রবাহের জন্য সমস্ত কাজ সকাল ১১ টার আগে ও বিকেল ৪ টার পরে করুন।

কাজ করার সময় সুতির হালকা সাদা পোশাক আর সাদা টুপি পরিধান করুন।

বেশি করে জল খান।

নিয়মিত ডাবের জল, লেবুজল, ও.আর.এস., লসিয় ইত্যাদি পানীয় পান করুন।

যদি তাপ প্রবাহ জনিত অসুস্থতা বোধ করেন(পেশি ক্লান্তি, গরম গোটা বা অ্যালার্জি, বমি বমি ভাব, মাথা ঘোরা) তাহলে ডাক্তারের পরামর্শ নেবেন।

সবজি ক্ষেতে সকালে বা সন্ধ্যা বেলায় জলসেচ করুন যাতে খুব তাড়াতাড়ি জল বাষ্পীভূত না হয়ে যায়।

নতুন আম যাতে না পরে যায়, নতুন লিচু যাতে না ফেটে যায়, তাই গাছের গোড়া থেকে পাতার দিকে ধীরে ধীরে জলসেচ করুন।

এস. এম. এস.

তাপপ্রবাহ থেকে বাঁচতে নিয়মিত ডাবের জল, লেবুজল, ও.আর.এস., লসিয় ইত্যাদি পানীয় পান করুন।

আবহাওয়া ভিত্তিক কৃষি পরামর্শ

বোরো ধান

পরিণত দশা: দ্রুত পরিণত ফসল কাটা, ঝাড়াই, মাড়াই, শুকানোর কাজ সমাপ্ত করুন।

পাট

বপন বা প্রাথমিক অঙ্গজ দশা ; পাট চাষের জন্য উন্নত বীজ এখন থেকে সংগ্রহ করুন। জমির মাটি খুব বুরবুরে তৈরি করা দরকার। জমি তৈরির সময়ে ২ কেজি অ্যাজোটোব্যাকটের ও পি. এস. বি. মিশ্রণ ১০ কুইন্টাল প্রতি একর জৈব সারের সাথে মিশিয়ে প্রয়োগ করুন। বীজের হার তিতা পাটের জন্য সারিতে বুনলে ২.৪ কেজি ও মিঠা পাট ১.৬ কেজি বীজ লাগে। বীজ বোনার যন্ত্রে বুনলে ২ কেজি তিতা পাটের ও ১.৫ কেজি মিঠা পাটের বীজ লাগে। বীজ বোনার দূরত্ব তিতা পাটের জন্য ২৫ সেমি X ৫ সেমি ও মিঠা পাটের জন্য ২০ সেমি X ৫ সেমি রাখুন। যারা ৩-৪ সপ্তাহ আগে বুনছেন, তারা আগাছা পরিষ্কার করে একটা জলসেচ দিন।

মুরগী

ডিম পাড়া মুরগী এবং মাংসের জন্য মুরগী

উচ্চ তাপমাত্রার প্রভাব

- পানীয় জলের পাত্রের সঙখা বাড়াতে হবে।
- পানীয় জলে ইলেক্ট্রলাইট মিশিয়ে পান করাতে হবে।

গবাদী পশু

বাছুর এবং পূর্ণবয়স্ক গরু

উচ্চ তাপমাত্রার প্রভাব

- দুপুরে মাঠে গবাদী পশু মাঠে ছেড়ে রাখা যাবে না।
 - পুকুরের জলের বদলে টিউবয়েলের জল পান করাতে হবে।
-